

সংগ্রহ ও ঋণ কার্যক্রম ব্যবস্থাপনা সহায়িকা

তৃতীয় সংস্করণ

জুলাই' ২০০৮



ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৩৭০০

সূচীপত্র

ক্র. নং	বিষয়	পৃষ্ঠা নং
	অধ্যায়-১ (এনডিপি এর স্কুলোগ কর্মসূচী)	
১	সংগ্রহ ও খণ্ড কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য	০১
২	সংগ্রহ ও খণ্ড কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া	০২
৩	সংগ্রহ ও খণ্ড কার্যক্রমের লক্ষ্যিত জনগোষ্ঠীর সাধারণ বৈশিষ্ট্য	০৮
৪	সমিতি গঠন ও ব্যবস্থাপনা	০৮
	অধ্যায়-২ (সংগ্রহ কার্যক্রম)	
৫	সংগ্রহ কার্যক্রমের উদ্দেশ্য	০৯
৬	সংগ্রহ কার্যক্রমের মূলনীতি	০৯
৭	সংগ্রহ	০৯
৮	তামাদি সংগ্রহ	১৫
	অধ্যায়-৩ (স্কুলোগ কর্মসূচী)	
৯	গ্রামীণ স্কুলোগ কার্যক্রম	১৬
১০	নগর স্কুলোগ কার্যক্রম	১৯
১১	স্কুল উদ্যোগী খণ্ড কার্যক্রম	২২
১২	অতি দুরিদ্রদের জন্য খণ্ড কার্যক্রম	৩০
১৩	মৌসূলী খণ্ড কার্যক্রম	৩৩
১৪	দূর্ঘোগ খণ্ড কার্যক্রম	৩৬
১৫	ক্ষমিত্বাত স্কুলোগ কর্মসূচী	৩৮
১৬	স্কুল বীমা	৪১
১৭	বুঁকি তহবিল	৪৪
১৮	বকেয়া খণ্ড ব্যবস্থাপনা	৪৯
	অধ্যায়-৪	
১৯	প্রতিবেদন প্রবাহ ও আদর্শ (মডেল) শাখার রূপরেখা	৫২
	অধ্যায়-৫	
২০	কর্মবিধি (কর্মী উন্নয়ন এবং কর্মী ও কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য)	৫৪
	অধ্যায়-৬	
২১	এনডিপি-এর সংগ্রহ ও খণ্ড কার্যক্রমের ব্যবস্থাপনায় তথ্য পদ্ধতি (MIS)	৫৯
২২	কেন্দ্রীয় কার্যালয়ের বিভিন্ন সার্কুলার ও অফিস আদেশের মাধ্যমে সংশোধনী/ সংযোজনী সমূহ	৬২

সংগ্রহ ও খণ্ড কার্যক্রম ব্যবস্থাপনা সহায়িকা

ভূমিকা

দারিদ্র্য বিমোচন তথা দারিদ্র্য জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও মানবিক উন্নয়নে কাজ করার লক্ষ্যে ১৯৯২ সালে একটি বেসরকারী সেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা হিসেবে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম- এনডিপি প্রতিষ্ঠা লাভ করে। সংস্থাটি সমাজ সেবা অধিদণ্ডন, এনজিও বুরো এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদণ্ডন এর নিবন্ধনকৃত। এছাড়াও এনডিপি মাইক্রোক্রেডিট রেণ্ডলেটোরী অথবিটি কর্তৃক সুদৰ্শন প্রতিষ্ঠান হিসেবে অনুমোদন লাভ করেছে।

দারিদ্র্য জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন ও কর্ম সংস্থানের লক্ষ্যে এনডিপি অন্যান্য সামাজিক উন্নয়ন কর্মসূচীর পাশাপাশি ১৯৯৪ সাল থেকে সুদৰ্শন কর্মসূচী বাস্তবায়ন করে আসছে। শুরুতে সংস্থার কর্ম পরিধি অত্যন্ত সীমিত থাকলেও বর্তমানে উন্নয়নের বিভিন্ন জেলায় এর কার্যক্রম বিস্তৃতি লাভ করেছে। আগামীতে সংস্থার সুদৰ্শন কর্মসূচী ক্রমান্বয়ে দেশের অন্যান্য দারিদ্র্য পীড়িত অঞ্চলেও বিস্তৃত হবে।

সংস্থার সুদৰ্শন কর্মসূচীর বিস্তৃতি লাভ অব্যাহত থাকা ও উপকারভোগীদের চাহিদার দিকে লক্ষ্য রেখে নতুন নতুন আর্থিক প্রোডাক্ট চালু করার প্রক্রিয়া অব্যাহত থাকার প্রেক্ষিতে এর ঝণদান নীতিমালাটি নতুন ভাবে সংক্রান্ত ও হালনাগাদকরণের প্রয়োজনীয়তা দেখা দেয়। এ বিষয়টির দিকে লক্ষ্য রেখে সংস্থার বিভিন্ন সুদৰ্শন কর্মসূচী সুচারুরপে বাস্তবায়নের লক্ষ্যে ‘সংক্ষয় ও খণ্ড কার্যক্রম ব্যবস্থাপনা সহায়িকা’ নামে পূর্বের ঝণদান নীতিমালাটির তৃতীয় সংক্রান্ত প্রকাশ করা হলো। এ সংক্রান্তি প্রকাশনায় চরজীবিকায়ন প্রকল্পের আওতায় ইআরএস কারিগরি সহায়তায় প্রদান করেন। সহায়িকাটি সংক্রান্তের ক্ষেত্রে সহায়তা প্রদান করায় আমি সিএলপি, ইআরএস এবং সংস্থার মাইক্রো-ফাইন্যান্স কর্মসূচীর সংশ্লিষ্ট কর্মকর্তাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

এ সহায়িকাটি সংস্থার সুদৰ্শন কর্মসূচীর উপকারভোগী, মাঠকর্মী ও এ কার্যক্রমের সাথে সম্পৃক্ত সংস্থার সকল শ্রেণীর কর্মকর্তা কর্মচারীগণ অনুসরণ করে এ কর্মসূচীর ইঙ্গিত লক্ষ্য অর্জনে সক্ষম হবে বলে আমি মনে করি।

মোঃ আলাউদ্দিন খান
পরিচালক

সংক্ষয় ও খণ্ড কার্যক্রম ব্যবস্থাপনা সহায়িকা

মোঃ আলাউদ্দিন
Chairman
National Development Programme

Ram
Director
National Development Programme

অধ্যায়-১
এনডিপি এর সুন্দর ঋণ কর্মসূচী

১.০ সম্ভব ও ঋণ কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য :

বাংলাদেশ একটি সম্ভাবনাময় দেশ কিন্তু বিভিন্ন আর্থ-সামাজিক কারনে আজও এর বিশাল জনগোষ্ঠী দারিদ্র্য সীমার নিচে বাস করছে। তাই এনডিপি'র চোখে আজ একটা প্রধান উদ্দেশ্য, দারিদ্র্য বিমোচন। কিন্তু কিভাবে? এর জন্যে প্রয়োজন সম্প্রিলিত উদ্দেশ্য। প্রয়োজন একটি প্রতিষ্ঠানিক কাঠামো। আমাদের কান্থিত উন্নয়নকে অর্থবহু করতে হলে দারিদ্র্য জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন করতে হবে। আমরা জানি পৃথিবীর জনসংখ্যার শতকরা প্রায় ২ ভাগ এবং দারিদ্র্য জনসংখ্যার দিক থেকে শতকরা প্রায় ৫ ভাগের বাস বাংলাদেশে। যার মধ্যে শতকরা ৮০ ভাগ লোক বাস করে পল্লী এলাকায়, যার একটি বৃহৎ অংশ মহিলা। এদেশে দারিদ্র্য জনগোষ্ঠীর শক্তি, মেধা ও কর্মসংস্থানের যথেষ্ট ক্ষেত্র থাকা সত্ত্বেও অভিজ্ঞতা, দক্ষতা, মনোনিবেশ এবং প্রয়োজনীয় মূলধনের অভাবে তারা আয় থেকে বপ্তি হচ্ছে এবং মানবেতর জীবন যাপন করছে। পল্লী এলাকায় ব্যাপক পুঁজি বিনিয়োগ করে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে জনগোষ্ঠির আয় বৃদ্ধি না করায় মানুষ দিন দিন দারিদ্র্য থেকে দারিদ্র্যতর হচ্ছে অন্যদিকে দারিদ্র্যের মূল কারণ হলো সম্পদের অভাব, আর তার ফলেই কম আয়, কম বিনিয়োগ, কম আয় দারিদ্র্যের এই দুষ্ট চক্রের মধ্যে আটকা পড়ে আছে। তাই দারিদ্র্যতার এই দুষ্ট চক্র থেকে বেরিয়ে আসার জন্য সুন্দর ঋণ হিসেবে সম্পদ সরবরাহ একটি কার্যকরী ও পরীক্ষিত মাধ্যম হিসেবে বিশ্বের কাছে প্রমাণিত হয়েছে বিধায় এনডিপি সে সম্পদ সরবরাহ করতে বন্ধপরিকর।

দারিদ্র্য বিমোচনের জন্য কোম সর্বজনবিদিত পদ্ধতি না থাকলেও বর্তমান প্রেক্ষাপটে এটা স্বীকৃত যে দারিদ্র্যের সম্পদ (ঋণ) সরবরাহ করা এবং তাদের মধ্যে সংগৃহীত মনোভাব গড়ে তোলা দারিদ্র্য বিমোচনের একটি শক্তিশালী মাধ্যম এবং দারিদ্র্যের দুষ্ট চক্রকে ভাঙার জন্য এটি একটি কার্যকরী হাতিয়ার হিসেবে আত্মকাশ করেছে। বিধায় বাংলাদেশের প্রেক্ষাপটে জামানতবিহীন ঋণ প্রদানে এনডিপি-র ভূমিকা অনন্বীক্ষণ।

এ লক্ষ্য অর্জনে এনডিপি :

- ক) দারিদ্র্যের ঋণ প্রাপ্তির অধিকার নিশ্চিত করতে পদচ্ছেপ গ্রহণ করবে।
- খ) দারিদ্র্য জনগোষ্ঠীকে সংগঠিত করে তাদের পুঁজি গঠন ও আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে সহায়তা প্রদান করবে।
- গ) দারিদ্র্য জনগোষ্ঠীর নিজস্ব পুঁজিগঠনে সম্মত উৎসাহ প্রদান এবং তাদের আমানতের নিরাপত্তা প্রদান করবে।
- ঘ) আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ড নির্বাচন করে তাদের সক্ষমতার বিকাশ ঘটাতে প্রেরণা প্রদান করে আত্মকর্মসংস্থান সৃষ্টি করবে।
- ঙ) বিভিন্ন আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে দারিদ্র্য জনগোষ্ঠীর আয় বৃদ্ধির জন্যে ঋণ সহায়তা প্রদান করবে।
- চ) দারিদ্র্য জনগোষ্ঠীকে আত্ম নির্ভরশীল করতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

১.১ দরিদ্রদের অর্থনৈতিক সম্পদ বিকাশের ফ্লো চার্ট



২.০ সম্ভাব্য ও ঝাগ কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া

২.১ এলাকা নির্বাচন :

সংস্থা সুন্দরী কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে দরিদ্র ও পশ্চাদপদ এলাকাকে অগ্রাধিকারের ভিত্তিতে নির্বাচন করবে। এলাকা নির্বাচনের ক্ষেত্রে সংস্থা একটি অঞ্চল বা এলাকার যে সব বিষয়গুলো বিবেচনা করবে তা হলো :

- ১) এলাকার দারিদ্র পরিস্থিতি : জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থা, দারিদ্রসীমার নীচে বসবাসকারী জনগোষ্ঠীর শতকরা হার, জীবিকা ইত্যাদি পর্যালোচনা করে ঐ অঞ্চলের দারিদ্র পরিস্থিতি সম্পর্কে ধারণা করতে হবে। এক্ষেত্রে এতদসংক্রান্ত জরীপ, প্রকাশনা ইত্যাদির সহায়তা নেয়া যেতে পারে। অপেক্ষাকৃত দরিদ্র ও অবহেলিত অঞ্চলকে এলাকা নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
- ২) উৎপাদন ও আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ড : যে অঞ্চলটি এ কর্মসূচীর জন্যে নির্বাচন করা হবে সে অঞ্চলের বিভিন্ন উৎপাদিত সামগ্রী ও এর পরিমাণ ইত্যাদি পর্যালোচনা করতে হবে। অর্থাৎ সুন্দরী গ্রহণ করে এলাকার দারিদ্র জনগোষ্ঠী সম্ভাব্য কি কি খাতে ঝগের টাকা বিনিয়োগ করতে পারবে সে সম্পর্কে পূর্ব ধারণা গ্রহণ করতে হবে। এলাকা নির্বাচনের ক্ষেত্রে সুন্দরী বিনিয়োগের সুবিধাকে বিবেচনায় আনতে হবে।
- ৩) অন্যান্য সুন্দরী প্রতিষ্ঠানের উপস্থিতি : নির্বাচিত অঞ্চলে সুন্দরী পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের সংখ্যা ও তাদের আর্থিক প্রোডাক্টসমূহ বিশ্লেষণ করতে হবে। এলাকায় পরিচালিত ঝণ কর্মসূচীর পারফরমেন্সও বিশ্লেষণ করতে হবে। এক্ষেত্রে যে সব এলাকায় অন্যান্য সুন্দরী প্রতিষ্ঠানের উপস্থিতি কম সে সব এলাকাগুলোকে প্রাধান্য দিতে হবে।
- ৪) যোগাযোগ ব্যবস্থা : নৃন্যতম যোগাযোগ অবকাঠামো রয়েছে এমন এলাকা চিহ্নিত করতে হবে।
- ৫) প্রাকৃতিক দূর্যোগ প্রবণ এলাকা : সংস্থা এর সুন্দরী কর্মসূচীর বৈশিষ্ট্য অনুযায়ী দূর্যোগ প্রবণ এলাকা চিহ্নিত করে ক্রমান্বয়ে কম প্রাকৃতিক দূর্যোগ প্রবণ এলাকা থেকে সুন্দরী কর্মসূচী শুরু করে ক্রমান্বয়ে অধিকতর দূর্যোগ প্রবণ এলাকায় কার্যক্রম সম্প্রসারণ করতে হবে।
- ৬) ব্যাংকিং সুব্যবস্থা : ব্যাংকিং এর সুব্যবস্থা আছে কিনা সে বিষয়টি বিবেচনায় আনতে হবে।

২.২ জরীপ : ২.১ অনুচ্ছেদের (১)- (৩) উপ অনুচ্ছেদে উল্লেখিত বিষয়গুলো বিবেচনা করে নির্ধারিত ফরমেটে এলাকা জরীপ করে এলাকার মানুষের আর্থ সামাজিক বিষয়ে তথ্যাদি সংগ্রহ করে লক্ষ্যভূক্ত জনগোষ্ঠী চিহ্নিত করতে হবে এবং এসব সংগৃহীত তথ্যাদি অফিসে সংগ্রহ করতে হবে।

২.৩ এলাকা নির্বাচনের ক্ষেত্রে কর্মকর্তা ও কর্মীদের দায়িত্ব :

- ক) শাখা ব্যবস্থাপক প্রাথমিকভাবে ঘাঠ পরিদর্শনের মাধ্যমে তার কর্ম এলাকার আওতাধীন এলাকা সঞ্চয় ও ঝণ কর্মসূচীর জন্যে চিহ্নিত করবেন।
- খ) সংশ্লিষ্ট ক্রেডিট অফিসার মাধ্যমে এলাকার তথ্যাদি সংগ্রহ করবেন।
- গ) জরীপের মাধ্যমে সংগৃহীত তথ্যাদি শাখা ব্যবস্থাপক নিজ দায়িত্বে অফিসে সংরক্ষণ করবেন।
- ঘ) কোন গ্রাম বা এলাকা জরীপের ক্ষেত্রে সংস্থা কর্তৃক নির্ধারিত ছক ব্যবহার করতে হবে (অনুচ্ছেদ ২.২-ক)।
- ঙ) জরীপের মাধ্যমে সংগৃহীত তথ্যাদি পর্যালোচনা পূর্বক শাখা ব্যবস্থাপকে সমিতি গঠনের বিষয়ে সিদ্ধান্ত দিতে হবে।

৩.০ সঞ্চয় ও ঝণ কার্যক্রমের লক্ষ্য জনগোষ্ঠীর সাধারণ বৈশিষ্ট্য :

- ক) গ্রামীণ ও শহরের দরিদ্র জনসাধারণ যারা কানিক পরিশ্রম করে জীবিকা নির্বাহ করে।
- খ) যাদের চাষাবাদযোগ্য জমির পরিমাণ ০ একর থেকে ১.৫০ একর পর্যন্ত।
- গ) যাদের পরিবারের মাসিক আয় ৫,০০০ টাকার উর্ধ্বে নয়।
- ঘ) স্কুল ব্যবসায়ী ও নিম্ন আয়ের চাকুরীজীবি পরিবারের সদস্য/সদস্য।

৪.০ সমিতি গঠন ও ব্যবস্থাপনা :

সমিতি : সঞ্চয় ও স্কুলঝণ কার্যক্রম বাস্তবায়নের জন্য সমিতি গঠন করতে হবে। লক্ষ্যভূক্ত দরিদ্র জনগোষ্ঠীদের নিয়ে এসব সমিতি গঠন করতে হবে। প্রতিটি সমিতিতে সদস্য সংখ্যা হবে ১৫-৩০ জন।

৪.১ সমিতির সদস্য হওয়ার যোগ্যতা :

- ১) সদস্যদের প্রাণ বয়স হতে হবে অর্থাৎ সদস্যদের বয়স ১৮-৫০ বছরের মধ্যে হতে হবে।
- ২) সদস্যদের জমির মালিকানা ০ একর বা ১.৫০ একর পর্যন্ত হতে হবে।
- ৩) একটি পরিবার (খানা) হতে একজনের বেশী কোন সমিতির সদস্য হতে পারবে না।
- ৪) সদস্যকে বিবাহিত/ বিবাহিতা হতে হবে তবে বিধবা, তালাকপ্রাণী, স্বামী পরিত্যাঙ্গা ও অবহেলিতদের অঞ্চাধিকার দিতে হবে।
- ৫) অপ্রকৃতিস্থ কোন ব্যক্তি সমিতিভূক্ত হতে পারবে না।
- ৬) শাখার কর্ম এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে অতি দরিদ্র বা নদী ভাঙ্গন এলাকার লোকদের জন্যে নির্ধারিত ঝণ কর্মসূচীর আওতায় সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা যাবে।
- ৭) কোন অপরাধ চক্রের সাথে জড়িতদের সমিতিতে অন্তর্ভুক্ত করা যাবে না।
- ৮) আর্থিক কর্মকাণ্ড পরিচালনার জন্যে শারিয়াকভাবে সক্ষম হতে হবে।
- ৯) সমিতির নিয়মকানুনের প্রতি অনুগত থাকতে হবে।
- ১০) ঘর জামাই থাকলে এমন লোককে সমিতিভূক্ত করা যাবে না।

- ১১) ভাড়াটিয়া লোকদের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে না।
- ১২) একই গ্রাম বা মহল্লার বাসিন্দা হতে হবে যেন সহজে গ্রুপ সভায় উপস্থিত হওয়া যায়।
- ১৩) অন্য এনজিও এর সদস্য হওয়া যাবে না।
- ১৪) যিনি নিজে কার্যক পরিশূম করে তাদের অগ্রাধিকার দিতে হবে।
- ১৫) যে পরিবারের অধিকাংশ সদস্য কর্মসূচী এবং পারিবারিক বন্ধন মজবুত সে পরিবারকে অগ্রাধিকার দিতে হবে।

৪.২ সমিতি গঠন প্রক্রিয়া :

৪.২.১ প্রথম পর্যায় :

সমিতি গঠনের জন্যে চিহ্নিত দারিদ্র প্রবণ গ্রামের যোগাযোগ ব্যবস্থা, ভৌগলিক অবস্থা, শ্রমজীবী পরিবারের সংখ্যা ও পেশা, অন্যান্য এনজিওদের কাজের ব্যাপ্তি ইত্যাদি তথ্য সংগ্রহ করা।

৪.২.২ দ্বিতীয় পর্যায় :

নির্বাচিত গ্রামের গন্যমান্য ব্যক্তিদের সাথে যোগাযোগ, জনপ্রতিনিধিদের সাথে সাক্ষাৎ ও শ্রমজীবী পরিবারের বাড়ি-ঘর সরেজমিনে পরিদর্শন করে তাদের আর্থ-সামাজিক ও পারিপার্শ্বিক অবস্থা জ্ঞাত হওয়া এবং জরীপ ফরম(২.২-ক) প্রৱণ করা।

৪.২.৩ তৃতীয় পর্যায় :

চিহ্নিত পরিবারসমূহের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ করে নিজের ও এনডিপি'র পরিচয় এবং এনডিপি'র উদ্দেশ্য ও আদর্শ তুলে ধরা। আলাপ আলোচনার মাধ্যমে তাদের মন মানসিকতা ও সমিতি বা দল গঠনের ক্ষেত্রে আগ্রহ কতটুকু তা নিরূপণ করা।

৪.২.৪ চতুর্থ পর্যায় :

আগ্রহী ব্যক্তিদের নিয়ে সমিতি গঠন, সমিতি গঠনের ক্ষেত্রে নারী ও পুরুষকে পৃথক পৃথক সমিতিতে অন্তর্ভুক্তকরণ, যথাসম্ভব একই আর্থ-সামাজিক অবস্থারের ব্যক্তিদের একটি সমিতির অন্তর্ভুক্তকরণ, এনডিপি'র কর্মসূচী, নিয়মিত সম্মত ও ঝণের সুবিধা ও অসুবিধা, সাংগঠিক মিটিং, ঝণের কিস্তি ও সম্মত জমাদান পদ্ধতি ইত্যাদি আলাপ করে আগ্রহী সদস্যদের প্রাথমিক তালিকা তৈরী করা।

৪.২.৫ পঞ্চম পর্যায় :

- ক) আগ্রহী ব্যক্তিদের বাড়ি-ঘর সরেজমিনে তদন্ত পূর্বক সদস্যদের তালিকা ছড়ান্ত করে সদস্য ভর্তি ফরম প্রৱণ করা এবং সাংগঠিক মিটিং এর বার, সময় ও স্থান নির্ধারণ করা।
- খ) সমিতির সাংগঠিক মিটিং এর সময় সকাল ৮.০০ টা হতে ৯.৩০ টা, ১০.০০ টা হতে ১১.৩০ টা এবং ১১.৪৫ টা হতে ১.১৫ টা পর্যন্ত স্থির করতে হবে (তিনটি সমিতির ক্ষেত্রে)। সে অনুযায়ী সুবিধাজনক সময়ে সংগঠিত সমিতিটির সভার সময় নির্ধারণ করা।
- গ) সাংগঠিক মিটিং এর স্থান এমনভাবে নির্বাচন করতে হবে যাতে জায়গাটি সকল সদস্যের জন্যে মধ্যবর্তী স্থানে হয়। যেসব স্থানে সাংগঠিক সভা করা উচিত তা হলো ;
 - i) সমিতির সদস্য/ সদস্যার বাড়ি।
 - ii) সামাজিক কেন্দ্রস্থল।

- iii) অপেক্ষাকৃত উচ্চ স্থান যেখানে সহজে বৃষ্টির পানি আটকায় না এবং যোগাযোগ ব্যবস্থা যেখানে তুলনামূলকভাবে ভাল।
- iv) অপেক্ষাকৃত নিরিবিলি ও শান্তিপূর্ণ স্থান।
- v) সামাজিকভাবে গ্রহণযোগ্য ব্যক্তির বাড়ি।
- vi) ১ বছর অন্তর অন্তর বসার স্থান পরিবর্তন করতে হবে।
- vii) একই বাড়িতে একাধিক সমিতির সভা করা যাবে না।

৪.২.৬ ষষ্ঠ পর্যায় :

সমিতি গঠনের সর্বশেষ ধাপে নিম্নোক্ত কাজগুলো সম্পাদন করতে হবে-

- ক) সদস্যদের নামের তালিকা চূড়ান্ত হলে ক্রেডিট অফিসার সমিতির সাঙ্গাহিক সভা আহ্বান করবেন।
- খ) সদস্যদের ভর্তির আবেদন ফরম পূরণ করবেন।
- গ) অতঃপর ক্রেডিট অফিসার সদস্যদের ভর্তির আবেদন ফরম সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের নিকট উপস্থাপন করবেন।
- ঘ) শাখা ব্যবস্থাপক কর্তৃক সমিতির তথ্যাদি সরেজমিনে যাচাই করে (নতুন সমিতির ক্ষেত্রে) এবিয়া ম্যানেজারের নিকট সমিতির অনুমোদনের জন্য উপস্থাপন করবেন, এবিয়া ম্যানেজার সরেজমিনে পরিদর্শন পূর্বক সমিতি চূড়ান্ত অনুমোদন দিবেন।
- ঙ) ভর্তি রেজিস্টারে সদস্যদের নাম লিপিবদ্ধ করে সংস্থা কর্তৃক নির্ধারিত ভর্তি ফি (প্রযোজ্য ক্ষেত্রে) হিসাব রক্ষকের নিকট জমা প্রদান করবেন।
- চ) সদস্য কর্তৃক ঝণ ও সঞ্চয়ের পাশবই ক্রয়ের জন্যে ৫ টাকা প্রদান করবেন, তবে কর্তৃপক্ষের সিদ্ধান্তে পাশবইয়ের মূল্যের পরিবর্তন হতে পারে। এখানে উল্লেখ্য যে, অতি দরিদ্রদের জন্য ক্ষুদ্র ঝণ কার্যক্রমের সদস্যদের জন্য পাশবইয়ের মূল্য গ্রহণ করা যাবে না।
- ছ) পুরাতন সমিতিতে নতুন সদস্য ভর্তির ক্ষেত্রে গুপ্তের সভাপতি/সম্পাদিকাসহ অন্যান্য সদস্যের প্রস্তাবের পর সংশ্লিষ্ট কর্মী প্রস্তাবিত সদস্যের বাড়ি সরেজমিনে পরিদর্শন পূর্বক ভর্তি ফর্ম পূরণ করে শাখা ব্যবস্থাপকের নিকট জমা দিবেন। শাখা ব্যবস্থাপক কর্তৃক অনুমোদনের পর সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে।
- জ) অফিস থেকে সমিতির দূরত্ব হতে হবে সর্বোচ্চ ৮-১০ কিঃ মিৎ এর মধ্যে।

৪.৩ সমিতি গঠনের ক্ষেত্রে সংস্থার কর্মকর্তা ও কর্মীদের দায়িত্ব :

- ১) সাধারণভাবে দায়িত্ব প্রাপ্ত ক্রেডিট অফিসার সমিতি গঠনের সকল প্রক্রিয়া সম্পন্ন করবেন।
- ২) শাখা ব্যবস্থাপক সমিতি গঠনের বিষয়ে ক্রেডিট অফিসার কর্তৃক সম্পাদনকৃত কর্ম প্রক্রিয়া মূল্যায়ন করবেন এবং সমিতির সকল তথ্যাদি যাচাই করে ভর্তি রেজিস্টারে তথ্যাদি লিপিবদ্ধ করা নিশ্চিত করবেন।

৪.৪ সমিতি ব্যবস্থাপনা :

সমিতি ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করতে হবে :

- ১) সমিতির সদস্যদের মধ্য হতে সকলের সম্মতির ভিত্তিতে একজন সভাপতি এবং একজন সম্পাদিকা নির্বাচিত করা, যারা সমিতির বিভিন্ন কার্যক্রমে নেতৃত্ব দিবেন, এক বছর অন্তর অন্তর সর্বসম্মতিক্রমে

- ১১) ভাড়াটিয়া লোকদের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে না।
- ১২) একই গ্রাম বা মহল্লার বাসিন্দা হতে হবে যেন সহজে গ্রাম সভায় উপস্থিত হওয়া যায়।
- ১৩) অন্য এনজিও এর সদস্য হওয়া যাবে না।
- ১৪) যিনি নিজে কার্যক পরিশূম করে তাদের অগ্রাধিকার দিতে হবে।
- ১৫) যে পরিবারের অধিকাংশ সদস্য কর্মসূচী এবং পারিবারিক বন্ধন মজবুত সে পরিবারকে অগ্রাধিকার দিতে হবে।

৪.২ সমিতি গঠন প্রক্রিয়া :

৪.২.১ প্রথম পর্যায় :

সমিতি গঠনের জন্যে চিহ্নিত দারিদ্র প্রবণ গ্রামের যোগাযোগ ব্যবস্থা, ভৌগলিক অবস্থা, শ্রমজীবী পরিবারের সংখ্যা ও পেশা, অন্যান্য এনজিওদের কাজের ব্যক্তি ইত্যাদি তথ্য সংগ্রহ করা।

৪.২.২ দ্বিতীয় পর্যায় :

নির্বাচিত গ্রামের গন্যমান্য ব্যক্তিদের সাথে যোগাযোগ, জনপ্রতিনিধিদের সাথে সাক্ষাৎ ও শ্রমজীবী পরিবারের বাড়ি-ঘর সরেজমিনে পরিদর্শন করে তাদের আর্থ-সামাজিক ও পারিপার্শ্বিক অবস্থা জ্ঞাত হওয়া এবং জরীপ ফরম(২.২-ক) পূরণ করা।

৪.২.৩ তৃতীয় পর্যায় :

চিহ্নিত পরিবারসমূহের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ করে নিজের ও এনডিপি'র পরিচয় এবং এনডিপি'র উদ্দেশ্য ও আদর্শ তুলে ধরা। আলাপ আলোচনার মাধ্যমে তাদের মন মানসিকতা ও সমিতি বা দল গঠনের ক্ষেত্রে আগ্রহ কতটুকু তা নিরূপণ করা।

৪.২.৪ চতুর্থ পর্যায় :

আগ্রহী ব্যক্তিদের নিয়ে সমিতি গঠন, সমিতি গঠনের ক্ষেত্রে নারী ও পুরুষকে পৃথক পৃথক সমিতিতে অন্তর্ভুক্তকরণ, যথাসম্ভব একই আর্থ-সামাজিক অবস্থানের ব্যক্তিদের একটি সমিতির অন্তর্ভুক্তকরণ, এনডিপি'র কর্মসূচী, নিয়মিত সংবয় ও ঝাগের সুবিধা ও অসুবিধা, সাংগঠিক মিটিং, ঝাগের কিণি ও সংবয় জমাদান পদ্ধতি ইত্যাদি আলাপ করে আগ্রহী সদস্যদের প্রাথমিক তালিকা তৈরী করা।

৪.২.৫ পঞ্চম পর্যায় :

- ক) আগ্রহী ব্যক্তিদের বাড়ি-ঘর সরেজমিনে তদন্ত পূর্বক সদস্যদের তালিকা তৈরী করে সদস্য ভর্তি ফরম পূরণ করা এবং সাংগঠিক মিটিং এর বার, সময় ও স্থান নির্ধারণ করা।
- খ) সমিতির সাংগঠিক মিটিং এর সময় সকাল ৮.০০ টা হতে ৯.৩০ টা, ১০.০০ টা হতে ১১.৩০ টা এবং ১১.৪৫ টা হতে ১.১৫ টা পর্যন্ত স্থির করতে হবে (তিনটি সমিতির ক্ষেত্রে)। সে অনুযায়ী সুবিধাজনক সময়ে সংগঠিত সমিতিটির সভার সময় নির্ধারণ করা।
- গ) সাংগঠিক মিটিং এর স্থান এমনভাবে নির্বাচন করতে হবে যাতে জায়গাটি সকল সদস্যের জন্যে মধ্যবর্তী স্থানে হয়। যেসব স্থানে সাংগঠিক সভা করা উচিত তা হলো ;
 - i) সমিতির সদস্য/ সদস্যার বাড়ি।
 - ii) সামাজিক কেন্দ্রস্থল।

দলের সভাপতি/সম্পাদিকা পরিবর্তন করতে হবে, এছাড়া কোন কারণে সভাপতি/ সম্পাদিকা পরিবর্তন করতে হলে তা সমিতির সভার রেজুলেশনের মাধ্যমে করা যাবে।

- ২) নেতা /নেত্রী নির্বাচনের ক্ষেত্রে অপেক্ষাকৃত শিক্ষিতদের অগ্রাধিকার বিষয়ে সদস্যদের অনুপ্রাণিত করা,
- ৩) শৃঙ্খলা নিশ্চিত করতে সমিতিগুলোকে কয়েকটি ছোট দলে (উপ-দলে) বিভক্ত করা,
- ৪) সঞ্চারের নির্ধারিত দিনে ও নির্দিষ্ট সময়ে সভা অনুষ্ঠান করা,
- ৫) সাংগৃহিক সভায় সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করা,
- ৬) সারিবদ্ধভাবে (উপদল ভিত্তিক) সদস্যদের বসানো,
- ৭) সভার কার্যক্রমের শুরুতে সদস্যদের সাথে কুশল বিনিয়য় করা,
- ৮) উপ-দল ভিত্তিক সদস্যদের সাংগৃহিক সংগ্রহ ও ঝণের কিস্তি আদায় করা,
- ৯) সদস্যদের সংগ্রহ ও ঝণের পাশবইয়ে আদায়কৃত টাকা লিপিবদ্ধ করে স্বাক্ষর প্রদান করা,
- ১০) সমিতিতে বসেই কালেকশন শীটে আদায়কৃত অর্থ নিয়মানুযায়ী এন্ট্রি করা,
- ১১) সদস্যদের হাজিরা স্বাক্ষর গ্রহণ করা,
- ১২) সদস্যদের নিজ নিজ সংগ্রহের পরিমাণ জানানো এবং ঝণের তথ্যাদি অবহিত করা,
- ১৩) সদস্যদের কোন প্রশ্ন থাকলে তা গুরুত্বের সাথে শোনা, এ বিষয়ে সদস্যদের উৎসাহিত করা,
- ১৪) সদস্যদের জীবনযাত্রার মান উন্নয়ন তথা আর্থ-সামাজিক, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি বিষয়ে সদস্যদের সচেতনতা বৃদ্ধিকরে বিষয় ভিত্তিক আলোচনা করা, সংস্থা সাংগৃহিক সভায় আলোচনার জন্যে বিষয় নির্ধারণ করবে এবং আলোচনার ক্রপরেখা প্রণয়ন করবে, নিম্নোক্ত বিষয়গুলো সদস্যদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সাংগৃহিক আলোচনার বিষয়বস্তু হিসেবে নির্বাচিত করতে হবে।
 - ক) সামাজিক অবস্থার বিশ্লেষণ ও দরিদ্রদের অধিকার সচেতনতা
 - খ) দলীয় সদস্যদের নেতৃত্ব উন্নয়ন
 - গ) সমিতি গঠনের সুবিধা
 - ঘ) সমিতির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য, সমিতির একতা ও সংহতি
 - ঙ) দরিদ্র জনগোষ্ঠীর সংগ্রহ জমাকরণের প্রয়োজনীয়তা
 - চ) নারী পুরুষের সম্পর্ক উন্নয়ন
 - ছ) ঝণ গ্রহণ ও পরিশোধের নিয়মাবলী
 - জ) লাভজনক/ আয়বৃদ্ধিমূলক প্রকল্প নির্বাচন
 - ঝ) স্বাস্থ্য সেনিটেশন এবং নিরাপদ পানীয় জলের ব্যবহার
 - ঞ) শিশু ও মায়ের স্বাস্থ্য পরিচর্যা
 - ট) পরিবেশ, সামাজিক বনায়ন ও বৃক্ষ রোপন
 - ঠ) পরিবার পরিকল্পনা
 - ড) নারীর অধিকার ও আইনী সহায়তা
 - ঢ) আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে দক্ষতা বৃদ্ধি
 - ণ) বয়ক্ষ ও প্রাথমিক শিক্ষা

ত) বাল্য বিবাহ রোধ ইত্যাদি

- ১৫) সভার সার্বিক কার্যক্রম রেজুলেশন বইতে লিপিবদ্ধ করা।
- ১৬) সদস্যদের কল্যাণ কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা।
- ১৭) সভার দলীয় পাশ বই, রেজুলেশন খাতা, বসার টট/পাটি ইত্যাদি সভানেটী/সম্পাদিকার হেফাজতে থাকবে।

৮.৫ সমিতির সদস্যভূক্তির জন্য করণীয় :

- ৮.৫.১ সমিতিতে ভর্তি হতে ইচ্ছুক কোন ব্যক্তিকে তার ব্যক্তিগত পাশবই নিজ উদ্যোগে শাখা অফিস থেকে সংগ্রহ করতে হবে।
- ৮.৫.২ নতুন সদস্য ভর্তির সময় সদস্য প্রতি ১০ টাকা হারে গ্রন্থ উন্নয়ন তহবিল খাতে চাঁদা দিতে হবে বিনিময়ে সংস্থা এন্ডপে রেজুলেশন খাতা, পাটি এবং সাইন বোর্ড সরবরাহ করবে।
- ৮.৫.৩ প্রতিবার ঝণ গ্রহণ করার সময় ঝণ আবেদন ফরম ঢেক্স (প্রযোজ্য ক্ষেত্রে) করতে হবে।
- ৮.৫.৪ ভর্তির সময় অথবা ঝণ গ্রহণের পূর্বে অবশ্যই দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ক্রেডিট অফিসারের নিকট জমা দিতে হবে, তবে স্বামী-স্ত্রীর যৌথ ছবির বিষয়ে উৎসাহিত করতে হবে।
- ৮.৫.৫ সাংগঠিক মিটিং-এ নিয়মিত উপস্থিত থেকে সমিতির রেজুলেশন খাতায় স্বাক্ষর করার অঙ্গীকার করতে হবে।
- ৮.৫.৬ সাংগঠিক মিটিং- এ সমিতি কর্তৃক নির্ধারিত হারে সংগ্রহ প্রদান করার অঙ্গীকার করতে হবে।
- ৮.৫.৭ ঝণের টাকা সঠিক প্রকল্পে ব্যবহার ও নিয়মিত কিসি পরিশোধের অঙ্গীকার করতে হবে এবং নিয়মিত নির্ধারিত হারে সংগ্রহ জমা করতে হবে।
- ৮.৫.৮ প্রত্যেক সাংগঠিক সভায় ক্রেডিট অফিসার কর্তৃক প্রতি সদস্যকে তাদের ঝণস্থিতি ও সম্পত্তিস্থিতি জাত করতে হবে।
- ৮.৫.৯ গ্রামীন ক্ষুদ্র ঝণ, নগর ক্ষুদ্র ঝণ ও কৃষিকাত ক্ষুদ্রঝণ কর্মসূচীর সদস্য ভর্তি ফি ২০ টাকা গ্রহণ করতে হবে, তবে অতি দরিদ্রদের জন্য ক্ষুদ্র ঝণ কার্যক্রম ও ক্ষুদ্র উদ্যোগী ঝণের সদস্যদের নিকট থেকে কোন ভর্তি ফি গ্রহণ করা যাবে না।

৮.৬ সমিতি ব্যবস্থাপনার ক্ষেত্রে সংস্থার কর্মকর্তা ও কর্মীদের দায়িত্ব :

- ক) সংশ্লিষ্ট ক্রেডিট অফিসার উল্লিখিত নিয়মে সমিতি ব্যবস্থাপনার সার্বিক দায়িত্ব পালন করবেন।
- খ) শাখা ব্যবস্থাপক সূষ্ঠি সমিতি ব্যবস্থাপনা নিশ্চিত কল্পে সমিতি সভা চলাকালীন সময়ে পরিদর্শন করে ক্রেডিট অফিসার এবং সুপারভাইজারকে প্রয়োজনীয় পরামর্শ দিবেন।
- গ) সংশ্লিষ্ট ক্রেডিট অফিসার পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ঘ) একই এলাকার সকল সমিতির সভা একই বারে করার বিষয়ে অংশগ্রহণ করতে হবে।
- ঙ) শাখা ব্যবস্থাপক সমিতি পরিদর্শন করে সমিতি ব্যবস্থাপনা বিষয়ে তার মন্তব্য শাখা অফিস পর্যায়ে সংরক্ষিত সমিতি পরিদর্শন রেজিস্টারে লিপিবদ্ধ করবেন এবং ক্রেডিট অফিসার পরামর্শ অনুযায়ী পদক্ষেপ নিয়েছে কিনা তাহা ভবিষ্যতে ফলো আপ করবেন।

অধ্যায়-২
সংগ্রহ কার্যক্রম

৫.০ সংগ্রহ কার্যক্রমের উদ্দেশ্য :

এনডিপি- এর সকল ঋণ কর্মসূচীর অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে সংগ্রহ কার্যক্রম পরিচালনা করবে। সদস্যরা কুন্ত সংগ্রহের মাধ্যমে যাতে নিজস্ব পুঁজি গঠন করে ক্রমাগতে স্বাবলম্বি হয়ে উঠতে পারে এ উদ্দেশ্য নিয়েই সংগ্রহ কর্মসূচী পরিচালিত হয়। এছাড়া সদস্যদের সংগ্রহ আমানত সংগ্রহের মাধ্যমে সংস্থার তহবিলের যোগানের পাশাপাশি ঋণ কার্যক্রমে ঝুঁকিহাস পায়।

৬.০ সংগ্রহ কার্যক্রমের মূলনীতি :

- ক) সংস্থা শুধুমাত্র ঋণ কর্মসূচীর অন্তর্ভুক্ত সদস্যদের সংগ্রহ আদায় করবে। সদস্য ব্যক্তিত সাধারণ জনগণের অর্থ সংস্থা সংগ্রহ আমানত হিসেবে গ্রহণ করতে পারবে না।
- খ) সংস্থা সদস্যদের সংগ্রহের নিরাপত্তা বিধান করবে এবং
- গ) সদস্যদের জমাকৃত সংগ্রহের উপর সংস্থা কর্তৃক নির্ধারিত হারে মুনাফা প্রদান করবে।

৭.০ সংগ্রহ :

সংগ্রহ কার্যক্রমের বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ -

- ১) সমিতির সকল সদস্য সাংগৃহিকভাবে নিয়মিত সংগ্রহ জমা করবে।
- ২) সদস্য প্রতি সাংগৃহিক সংগ্রহ কমপক্ষে ২০ টাকা জমা করবে, তবে ২০ টাকার নিচে জমাকারী সদস্যকে দূর্বল সদস্য হিসেবে গণ্য করতে হবে এবং দূর্বল সদস্যকে বড় ধরনের ঋণের আওতায় আনা যাবে না।
- ৩) হিসাবের সুবিধার্থে একটি সমিতির সকল সদস্যকে একই হারে সংগ্রহ জমা করতে উৎসাহিত করতে হবে।
- ৪) প্রথম দফায় ঋণ গ্রহণের জন্যে আবেদনকৃত ঋণের অন্তত ৫%, দ্বিতীয় দফায় ১০% এবং অন্যান্য দফায় কমপক্ষে ১৫% সংগ্রহ জমা থাকতে হবে।
- ৫) বিশেষ প্রয়োজনে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে জমাকৃত সংগ্রহ হতে উত্তোলন করা যাবে।
- ৬) ঋণী সদস্যরা সম্পূর্ণ সংগ্রহ উত্তোলন করতে পারবে না। কেবলমাত্র যে সব সদস্যদের নিকট ঋণ নেই তারাই সম্পূর্ণ সংগ্রহ উত্তোলন করতে পারবে, তবে পলাতক বা মেয়াদ উত্তীর্ণ ঋণী সদস্যর ক্ষেত্রে এই নিয়ম শিথিলযোগ্য।
- ৭) সদস্যরা জমাকৃত সমুদয় সংগ্রহ উত্তোলন করলে তার সদস্যপদ বাতিল বলে গণ্য হবে।
- ৮) সদস্যদের জমাকৃত সংগ্রহের উপর সংস্থা কর্তৃক নির্ধারিত হারে বছরে একবার (৩০শে জুন) মুনাফা প্রদান করা হবে এবং সদস্যদের প্রাপ্ত মুনাফা সদস্যদের ব্যক্তিগত পাশবইয়ে লিপিবদ্ধ করে দেয়া হবে।

৭.১ সংগ্রহ ব্যবস্থাপনা :

সদস্যদের সংগ্রহ ব্যবস্থাপনার জন্যে নিরোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে;

- ১) সমিতির সাংগৃহিক সভায় সংগ্রহ আমানত গ্রহণ করা
- ২) নির্ধারিত হারে সংগ্রহ জমা করা
- ৩) সংগ্রহ আদায় করে তাৎক্ষণিকভাবে সদস্যদের পাশবইয়ে আদায়কৃত অর্থের অংক লিপিবদ্ধ করে দেয়া

- ৪) আদায়কৃত সঞ্চয় কালেকশন শীটের নির্দিষ্ট কলামে লিপিবদ্ধ করা
- ৫) সমিতি ভিত্তিক সাবসিডিয়ারী সঞ্চয় লেজারে জ্যাকৃত সঞ্চয় এন্ট্রি দেয়া
- ৬) হিসাব শাখায় সঞ্চয়ের অর্থ জমা দেয়া
- ৭) শাখার ব্যাংক হিসাবে আদায়কৃত অর্থ জমা দেয়া
- ৮) সদস্যদের আবেদন বিবেচনা করে সঞ্চয়ের অর্থ ফেরত দেয়া।

৭.২ সঞ্চয় ব্যবস্থাপনার ক্ষেত্রে সংস্থার কর্মকর্তা ও কর্মীদের দায়িত্ব :

- ক) সংশ্লিষ্ট ক্রেডিট অফিসার সমিতির সামগ্রীক সভায় সঞ্চয়ের অর্থ গ্রহণ করবেন এবং তাৎক্ষনিকভাবে সদস্যদের পাশবইয়ে তা রেকর্ড করার পাশাপাশি কালেকশন শীটের নির্ধারিত কলামে আদায়কৃত টাকার পরিমাণ লিখবেন ও যথাস্থানে স্বাক্ষর করবেন। আদায়কৃত টাকা সমিতির নির্ধারিত সঞ্চয় লেজারে লিপিবদ্ধ করবেন এবং দৈনিক আদায়যোগ্য ও আদায় রেজিষ্টারের মাধ্যমে হিসাব রক্ষকের নিকট জমা দিবেন।
- খ) শাখার দায়িত্ব প্রাণ হিসাব রক্ষক সঞ্চয় আমানতের অর্থ গ্রহণ করবেন এবং সংশ্লিষ্ট ক্রেডিট অফিসারের কালেকশন শীটে স্বাক্ষর প্রদান করবেন। ভাউচার, নগদান বহি ও লেজারে যথানিয়মে লিপিবদ্ধ করার পর শাখার নির্ধারিত ব্যাংক হিসাবে ঐ দিনের আদায়কৃত সমুদয় সঞ্চয়ের অর্থ ব্যাংকে জমা দিবেন এবং ব্যাংক জমার রশিদ ক্রেডিট ভাউরের সাথে সংরক্ষণ করবেন।
- গ) শাখা ব্যবস্থাপক পুরো প্রক্রিয়াটি তদারক করবেন এবং সঞ্চয়ের নিরাপত্তা নিশ্চিত করবেন।

৭.৩ সঞ্চয় তহবিল ব্যবহার :

সাধারণভাবে সঞ্চয়ের অর্থ সংস্থার সংশ্লিষ্ট শাখাসমূহের ব্যাংক হিসাবে সংরক্ষণ করতে হবে। সঞ্চয়ের অর্থ নিম্নোক্তভাবে ব্যবহার করা যাবে;

- ১) তারল্য বজায় রাখার জন্য মোট সঞ্চয়ের অন্তত ২৫% অর্থ ব্যাংকে সংরক্ষণ করে বাকী অর্থ ঝণ তহবিল হিসেবে ব্যবহার করা যাবে।
- ২) নির্ধারিত তারল্য বজায় রেখে সঞ্চয়কারীদের অধিক মুনাফা প্রদানের উদ্দেশ্যে সংস্থার কার্য নির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে সঞ্চয়ের অর্থ স্থায়ী আমানত (এফডিআর) হিসাবে বিনিয়োগ করা যাবে।
- ৩) সংস্থার কোন প্রকার পরিচালনা ব্যয় (যেমন-অফিস ভাড়া, বেতন ইত্যাদি) মূলধনী ব্যয় (যেমন- যানবাহন ক্রয়, আসবাবপত্র ক্রয়, অফিসঘর নির্মাণ ইত্যাদি) নির্বাহের জন্যে সঞ্চয়ের অর্থ ব্যবহার করা যাবে না।

৭.৪ সঞ্চয় তহবিল ব্যবহারের ক্ষেত্রে সংস্থার কর্মকর্তা ও কর্মীদের দায়িত্ব :

- ক) শাখা ব্যবস্থাপক সঞ্চয় তহবিলের সুষ্ঠ ব্যবহার ও নিরাপত্তা বিধানকল্পে যাবতীয় দায়িত্ব পালন করবেন।

৭.৫ সঞ্চয় উত্তোলন বা ফেরতের নিয়ম :

কোন সদস্য বিশেষ প্রয়োজনে সঞ্চয় উত্তোলন করতে হলে তাকে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করতে হবে;

১. সঞ্চয় ফেরতের বিষয়টি দলীয় সভায় অবহিত করে রেজুলেশন করা।

২. সঞ্চয় ফেরতের নির্ধারিত ছকে আবেদন করা।
 ৩. সঞ্চয় ফেরতের আবেদনে দলের সভাপতি/সম্পাদিকার সুপারিশ ও স্বাক্ষর গ্রহণ করা।
 ৪. ক্রেডিট অফিসার কর্তৃক সঞ্চয় ফেরতের যথার্থতা উল্লেখ পূর্বক সুপারিশ করা।
 ৫. খণ্ড সদস্যদের ক্ষেত্রে সংস্থা থেকে প্রথম দফায় গ্রহনকৃত খণ্ডের অন্তত ১০% এবং অন্যান্য দফায় ১৫% সঞ্চয় জমা রেখে অতিরিক্ত টাকা উত্তোলন করতে পারবে।
 ৬. সঞ্চয় উত্তোলনকারী কর্তৃক নির্ধারিত দিনে এবং সময়ে অফিসে এসে টাকা গ্রহণ করা এবং সঞ্চয় ফেরত রেজিস্টারে স্বাক্ষর করা।
 ৭. সদস্য বাতিলের ক্ষেত্রে তার নিকট সংস্থার প্রাপ্য খণ্ড আদায়ের পর সদস্যের সঞ্চয় ফেরত দিতে হবে।
 ৮. সদস্যের মৃত্যুতে তার অভিভাবক সঞ্চয় ফেরতের জন্যে আবেদন করবেন এবং তা সমিতির সভায় আলোচনা পূর্বক রেজুলেশন গ্রহণ করে ক্রেডিট অফিসারের সুপারিশসহ শাখা ব্যবস্থাপকের নিকট দাখিল করতে হবে। শাখা ব্যবস্থাপক নিয়মানুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে খণ্ডের সাথে সমন্বয় করে) সঞ্চয়ের টাকা ফেরত দিবেন।
 ৯. বছরে একজন সদস্য সর্বোচ্চ তিনবার আংশিক সঞ্চয় উত্তোলন করতে পারবে।
 ১০. সদস্যের চাহিদার ভিত্তিতে সমিতির সভায় রেজুলেশনের মাধ্যমে সর্বোচ্চ ৫০০ টাকা পর্যন্ত সঞ্চয় মাঠ পর্যায়ে মাট্টুরোল ও সদস্যের পাশবইয়ে স্বাক্ষর গ্রহণ পূর্বক সদস্যকে ফেরত দিতে পারবে। মাঠ পর্যায়ে ফেরতের ক্ষেত্রে ফেরত রেজিস্টারে সদস্যের স্বাক্ষর বাধ্যতামূলক নয়।
 ১১. কোন সদস্য পলাতক হলে বা দেশ ত্যাগ করলে শুধুমাত্র তার বিষয়ে সমিতির সভায় সিদ্ধান্ত গ্রহণ করে তার নিকট পাওনা বকেয়া খণ্ড তার জমাকৃত সঞ্চয় দ্বারা সমন্বয় করা যাবে।
 ১২. সংস্থার নিকট খণ্ড নেই এমন সদস্যের সম্পূর্ণ সঞ্চয় উত্তোলনের ক্ষেত্রে সদস্য পদ বাতিল বলে গণ্য হবে।
 ১৩. মাসিক আদায়কৃত সঞ্চয়ের ৪০-৫০% অধিক ফেরত যেন না যায় সে বিষয়ে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপককে বিশেষ দৃষ্টি রাখতে হবে।
- ৭.৬ সঞ্চয় ফেরতের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো সংশ্লিষ্ট শাখা অফিস পরীক্ষা করবে :**
- সঞ্চয় ফেরতের বিষয়টি সংশ্লিষ্ট শাখা অফিস গুরুত্বের সাথে বিবেচনা করবেন। শাখা ব্যবস্থাপক যথাযথভাবে সঞ্চয় ফেরতের বিষয়টি নিশ্চিত করবেন। এ ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনায় আনতে হবে :
১. সংস্থা কর্তৃক নির্ধারিত ছকে সদস্য আবেদন করেছে কিনা তা পরীক্ষা করবে।
 ২. দলীয় সভায় রেজুলেশন হয়েছে কিনা তা দেখা।
 ৩. আবেদন ফরমে সদস্যার এবং সভানেত্রীর স্বাক্ষর সঠিক কিনা তা যাচাই করা।
 ৪. সংশ্লিষ্ট ক্রেডিট অফিসার এবং হিসাব রক্ষকের স্বাক্ষর আছে কিনা তা নিশ্চিত হওয়া।
 ৫. সঞ্চয় ফেরতের ক্ষেত্রে সদস্য নিজে অফিসে এসে সঞ্চয় ফেরতের টাকা গ্রহণ করেছে কিনা এবং নির্ধারিত সঞ্চয় ফেরত রেজিস্টারে স্বাক্ষর করেছে কিনা তা দেখা।
 ৬. মাঠ পর্যায়ে ফেরতকৃত সঞ্চয় সদস্যের প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা।

৭.৭ সঞ্চয় ক্ষেত্রের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া :

- ক) ক্রেডিট অফিসারের সুপারিশ সম্বলিত আবেদন গুরুত্বের সাথে অনুপুজ্য পরীক্ষা করে শাখা ব্যবস্থাপক সঞ্চয় ফেরত অনুমোদন করবেন।
- খ) শাখার দায়িত্ব প্রাপ্ত হিসাব রক্ষক অনুমোদিত অর্থ ব্যাংক হিসাব থেকে উত্তোলন করবেন এবং নির্ধারিত দিনে সরাসরি সদস্যকে টাকা প্রদান করবেন। শুধুমাত্র ব্যাংক ছুটি জনিত কারণে নগদ আদায় থেকে যথাযথ প্রক্রিয়া সম্পূর্ণ করে সঞ্চয়ের টাকা ফেরত প্রদান করা যাবে।
- গ) অনিবার্য কারণবশত সদস্য নিজে উপস্থিত হতে না পারলে তার স্বামী/স্ত্রী, পুত্র/কন্যার নিকট সঞ্চয়ের টাকা প্রদান করা যাবে, তবে এক্ষেত্রে অবশ্যই সদস্যর অথারাইজ পত্র এবং সমিতির সভাপতি/সম্পাদিকার সুপারিশ থাকতে হবে। টাকা গ্রহণকারীকে অবশ্যই নির্ধারিত সঞ্চয় রেজিস্টারে উত্তোলনকারী সদস্যর পক্ষে প্রাপ্তি স্বাক্ষর করতে হবে।
- ঘ) সদস্য সমৃদ্ধয় সঞ্চয়ের উত্তোলন করলে ভর্তি রেজিস্টারে সদস্যর নামের মন্তব্যের কলামে বাতিল লিখতে হবে।

৭.৮ সঞ্চয়ের উপর মুনাফা প্রদান :

সংস্থা সদস্যদের সঞ্চয়ের উপর নির্ধারিত হারে প্রতি বছর মুনাফা প্রদান করবে। মুনাফা প্রদানের ক্ষেত্রে সংস্থার নীতি হবে নিম্নরূপ;

১. সদস্যদের সঞ্চয়ের উপর বার্ষিক ভিত্তিতে সংস্থা কর্তৃক নির্ধারিত হারে মুনাফা প্রদান করা।
২. প্রতি বছর একবার মুনাফা নির্ণয় করা এবং তা ৩০ শে জুন এ সম্পন্ন করা।
৩. মাসিক সর্বনিম্ন সঞ্চয়স্থিতির উপর মুনাফা নির্ণয় করা।
৪. মুনাফার যথাযথ হিসাব পদ্ধতি প্রদর্শন করে মুনাফা নির্ণয় ও বন্টনের হিসাব অফিসে সংরক্ষণ করা।
৫. সদস্যদের সঞ্চয়ের উপর মুনাফা প্রদানের নিয়ম ও প্রাপ্ত মুনাফা সম্পর্কে অবহিত করা।
৬. প্রতি সদস্যের সঞ্চয়ের পাশ বহিতে সঞ্চয়ের মুনাফা নামে মুনাফার অর্থ লিপিবদ্ধ করে দেয়া।
৭. সাবসিডিয়ারী লেজার ও কালেকশন শীটে সদস্যদের সঞ্চয় হিসাবে প্রাপ্ত মুনাফার অর্থ লাল কালির কলম দ্বারা লিপিবদ্ধ করে দেয়া।

৭.৯ সঞ্চয়ের মুনাফা নির্ণয়ের পদ্ধতি (মাসিক সর্বনিম্ন সঞ্চয়স্থিতি পদ্ধতি)

১. প্রতি বৎসরান্তে মাসিক সর্বনিম্ন স্থিতির উপর সঞ্চয়কারীদের মুনাফা যথাযথ হিসাব সংরক্ষণ করে সদস্যদের পাশবইয়ে লিপিবদ্ধ করে দিতে হবে।
